পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারী সমিতি সমূহের

# রাজ্য কো-অর্ডিনেশন কমিটি

কেন্দ্রীয় অফিস ঃ
"কর্মচারী ভবন"
১০এ, শাঁখারীটোলা স্ট্রীট
কলকাতা-৭০০ ০১৪
ফোন ঃ ২২৬৫-০৯২৬/২২৬৪-৯৫৯৩
ফ্যাক্স নং ঃ ০৩৩-২২১৭-৫৫৮৮
e-mail : statecoordinationcc@gmail.com

স্মারক সংখ্যা ঃ কো-অর্ডি / ৫/১৮

তারিখ ঃ ১২.০২.২০১৮

মাননীয়
পার্থ চট্টোপাধ্যায়
উচ্চ শিক্ষামন্ত্রী
পশ্চিমবঙ্গ

মহাশয়,

আপনার নিশ্চয়ই স্মরণে আছে যে, বিগত সময়ে সংগঠনের পক্ষ থেকে কর্মচারীদের কয়েকটি গুরুত্বপূর্ণ দাবি নিয়ে আমরা আপনার সাথে দীর্ঘক্ষণ আলোচনা করি। বকেয়া মহার্ঘভাতা অবিলম্বে প্রদান, ষষ্ঠ পে-কমিশন দ্রুত চালু করা সহ কিছু ওয়ার্কচার্জড কর্মচারীদের নিয়মিত করা, চুক্তি প্রথায় নিযুক্ত কর্মচারীদের সমকাজে সমবেতন ও নিয়মিত কর্মচারীদের ন্যায় সুযোগ সুবিধা প্রদান, হেলথ স্কীমে চিকিৎসার বর্ধিত খরচ প্রশাসনিক জটিলতায় বিলের অর্থ (re-imbursement) পেতে (concerned office and Medical Cell) অযথা বিলম্ব হওয়া, Cash Less-র সীমা ১ লক্ষ টাকা থেকে ২ লক্ষ টাকা করা, হয়রানিমূলক বদলী বন্ধ করাসহ একাধিক গুরুত্বপূর্ণ দাবি পূরণে আপনাকে প্রয়োজনীয় ভূমিকা নেওয়ার জন্য পুনরায় অনুরোধ করছি।

ইতিমধ্যে আপনার চাহিদা মতো আমরা মহার্ঘভাতা ও পে-কমিশন প্রায় সব রাজ্যের আপ-টু-ডেট তথ্য ও ওয়ার্কচার্জড কর্মচারীদের নিয়মিতকরণের আদেশনামা আপনাকে প্রেরণ করেছি।

আশাকরি, আপনি গুরুত্ব দিয়ে কর্মচারী ও তাদের পরিবারের স্বার্থে এই মুহূর্তে বকেয়া ৪২ শতাংশ মহার্ঘভাতা অবিলম্বে প্রদান, ষষ্ঠ পে-কমিশন দ্রুত চালু করা, হেলথ স্কীমে চিকিৎসার বর্ধিত খরচ নির্দিষ্ট সময়ে (ষাট দিনের মধ্যে) (re-imbursement) করার যথাযথ উদ্যোগসহ উপরিউক্ত দাবিগুলির মীমাংসা করার লক্ষ্যে সদর্থক ভূমিকা গ্রহণ করবেন।

ভবদীয়

বিজয় শংকর সিংহ

(বিজয় শংকর সিংহ)
সাধারণ সম্পাদক